

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির মে, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ভাইস চেয়ারম্যান (সাধারণ), টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।

সভার স্থান : সদস্য সচিবের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ১০/০৫/২০২৩ ইং, সময় ৪ বেলা ১১ঃ০০ ঘটিকায়।


উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট - 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবির, সহকারী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য কর্মকর্তাকে আনুরোধ জানানো হয়।

অতঃপর জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য / বাস্তবায়নে
০১	<p>প্রকল্পের নামঃ সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প আব্দুল্লাপুর ইউনিয়নে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজের উৎপাদক নলকূপের ডিজাইন করার জন্য হেড অফিসে পরীক্ষামূলক নলকূপের পানি পরীক্ষার রিপোর্ট প্রেরণ করা হয়েছে। উৎপাদক নলকূপের ডিজাইন পাওয়া সাপেক্ষে পরবর্তী কাজ শুরু করা যাবে। এই প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের মোট ৩৩৮ টি সাবমারসিবল পাম্প যুক্ত গভীর নলকূপের বরাদ্দের মধ্যে ৩২৫ টি গভীর নলকূপের বোরিং কাজ সম্পন্ন করা হয়েছে। নলকূপ পরিমাপ করণ, পানি টেস্টের জন্য স্যাম্পল সংগ্রহ, নলকূপের স্ট্রাকচার /প্লাটফর্ম নির্মাণ, পাম্প স্থাপন কাজ চলমান আছে।</p> <p>প্রকল্পের নামঃ পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প দিঘীরপাড় ইউনিয়নে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজের ওভার হেড ওয়াটার ট্যাঙ্কের সাইড ওয়ালের ঢালাই কাজ সম্পন্ন করা হয়েছে।</p> <p>প্রকল্পের নামঃ GPS/NNGPS/PEDP 4 বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। কামারখাড়া ০১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয় ও দশভূর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (মোট ০২ টি স্কুলের) ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে।</p> <p>বিভিন্ন ইউনিয়নের পুরাতন ও অকার্যকর নলকূপ সমূহ মেরামত করার বিষয়ে আলোচনা করা হয়। সংশ্লিষ্ট নলকূপ তত্ত্বাবধায়ক মেরামতের জন্য প্রয়োজনীয় মালামাল সরবরাহ করবে এই বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>উৎপাদক নলকূপের ডিজাইন দ্রুত হাতে পেতে প্রকল্প অফিসে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>কাজের গুণগত মান বজায় রাখা এবং দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>কাজের গুণগত মান বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>নলকূপ মেরামতের জন্য নলকূপ তত্ত্বাবধায়কদের জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, টংগিবাড়ী অফিসে যোগাযোগের জন্য পরামর্শ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, নলকূপ তত্ত্বাবধায়ক ও নলকূপ মেকানিক, জনস্বাস্থ্য বিভাগ টংগিবাড়ী।</p>

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ভাইস চেয়ারম্যান (সাধারণ)
টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ


ও

সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। চেয়ারম্যান, টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টংগিবাড়ী উপজেলা, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। জনাব সদস্য, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। সংশ্লিষ্ট নথি।



(মুহাম্মদ হুমায়ুন কবির)
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ) (জনস্বাস্থ্য)
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যবৃন্দ :

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ২। চেয়ারম্যান, কামারখাড়া ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৩। চেয়ারম্যান, যশলং ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। চেয়ারম্যান, ধীপুর ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। উপ সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।